

## দেশের প্রথম কম্পিউটার ভিডিও গেম 'হাতিরঝিল'

27 Mar 2014 01:35:41 PM Thursday

মনিরুল হক ফিরোজ  
রাইজিংবিডি.কম



মনিরুল হক ফিরোজ  
ঢাকা, ২৭ মার্চ : ঢাকার নয়নাভিরাম এলাকা হাতিরঝিল -এর নান্দনিক স্থাপত্য সৌন্দর্য নিয়ে বাংলাদেশের প্রথম কম্পিউটার গেমস হাতিরঝিল : ড্রিম বিগিনস বাজারে ছাড়া হয়েছে। এটি তৈরি করেছে ম্যাসিভ স্টার স্টুডিও।

গত সোমবার, ২৪ মার্চ ঢাকার আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মিলনায়তনে দেশে নির্মিত প্রথম কম্পিউটার গেমসটির মোড়ক উন্মোচন করেন ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, 'আমরা একটি প্রযুক্তিনির্ভর অর্থনীতির স্বপ্ন দেখছি। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে প্রযুক্তিনির্ভর একটি প্রজন্ম তৈরি করতে হবে। এজন্য তারুণ্যের শক্তিকে কাজে লাগিয়ে সেটিকে সম্পদে রূপান্তর করতে হবে।'

তিনি সবাইকে তরুণদের নির্মিত হাতিরঝিল: ড্রিম বিগিনস গেমসকে সফল করতে সহযোগিতা করার আহ্বান জানান।

ভিডিও গেম 'হাতিরঝিল : ড্রিম বিগিনস'

'দেশের একদল তরুণ যে এ গেমসটি সফলভাবে তৈরি করেছেন, তা একটি বড় ঘটনা।'

গেমস নির্মাতা দলের প্রধান গবেষক ও ম্যাসিভস্টার স্টুডিও লিমিটেডের প্রধান নির্বাহী এস এম মাহাবুব আলম বলেন, 'গেমসটি মনে করিয়ে দেবে আগামী দিনের স্বপ্ন আর সম্ভাবনার কথা। পুরো পরিবার নিয়েই উপভোগ করা যাবে এই কম্পিউটার গেমসটি। প্রতিবছরই হাতিরঝিল: ড্রিম বিগিনস গেমের নতুন সংস্করণ প্রকাশ করা হবে।'


অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন বেসিসের সাবেক সভাপতি মাহবুব জামান, ৭১ টেলিভিশনের প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু, গ্রে'র ব্যবস্থাপনা পরিচালক গাউসুল আলম শাওন প্রমুখ।

মোট ৩১ পর্বের এই গেমসটির মাধ্যমে পুরো হাতিরঝিল এলাকায় ঘুরতে পারবেন যে কেউ। সঙ্গে উপভোগ করা যাবে রোমাঞ্চকর, ভায়োলেন্স, বিনোদন। গেমসটির ১ম পর্ব 'হাতিরঝিল: ড্রিমস বিগিনস'। এক সিডির এ গেমের দাম ১৫০ টাকা।

হাতিরঝিল : ড্রিম বিগিনস গেমসটি দেশের প্রযুক্তি বাজারে ২৭ মার্চ থেকে পাওয়া যাবে। রেসিং ধাঁচের এ গেমসটিতে হাতিরঝিলের রাস্তায় গাড়ি, লেকে স্পিডবোড এবং আকাশে বিমান নিয়ে খেলা যাবে।

বর্তমানে কম্পিউটার ব্যবহারকারীরা গেমসটি খেলতে পারবে। পাশাপাশি মোবাইল ফোন ব্যবহারকারীদের জন্যও গেমসটি অ্যান্ড্রয়েড সংস্করণ তৈরি করা হচ্ছে বলে অনুষ্ঠানে জানানো হয়।

এস এম মাহাবুব আলম জানান, ম্যাসিভ স্টার স্টুডিও দেশীয় গেমস নির্মাণে শিক্ষার্থীদের জন্য বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে। 'উই মেক গেমস' নামক কর্মসূচির আতণায় দেশের ৫০০ স্কুল এবং কলেজের প্রায় এক লাখ ছাত্র-ছাত্রী গেমস নির্মাণের কলা-কৌশল সম্পর্কে জানতে পারবেন।



রাইজিংবিডি/শান্ত/রাশেদ শাওন

